দৈনিক আমাদের সময়

তারিখ 11 NOV 2017
পৃষ্ঠা ১২ কলাম ৬

# সেরা দশ বেসরকারি বিশ্ববিদ্যালয়

নিজস্ব প্রতিবেদক ●

বেসরকারি বিশ্ববিদ্যালয় র‍্যাংকিং ২০১৭-এর ফল গতকাল প্রকাশ করা হয়েছে। বাংলা ট্রিবিউন ও ঢাকা ট্রিবিউনের যৌথ উদ্যোগে প্রকাশিত এই র‍্যাংকিং গবেষণাটি পরিচালনা করেছে গবেষণা প্রতিষ্ঠান ওআরজি কোয়েস্ট রিসার্চ লিমিটেড।

প্রতিবেদন অনুযায়ী দেশের বেসরকারি সেরা দশ বিশ্ববিদ্যালয় হচ্ছে– ব্র্যাক ইউনিভার্সিটি, নর্থ সাউথ ইউনিভার্সিটি, ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ, আহসানউল্লাহ ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি, দি ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ও ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি। এরপর পৃষ্ঠা ৬, কলাম ৪

## সেরা দশ বেসরকারি

(শেষ পৃষ্ঠার পর) গবেষণা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ জানায়, র‍্যাংকি করা হয়েছে দুটি পদ্ধতির সমন্বয়ে– ফ্যাকচুয়াল ডাটা থেকে স্কোর ৪০ শতাংশ এবং পারসেপচুয়াল ডাটা থেকে ৬০ শতাংশ স্কোরের মাধ্যমে। ফ্যাকচুয়াল তথ্যে রয়েছে– শিক্ষার্থী সংখ্যা, শিক্ষক, পিএইচডি ডিগ্রিধারীদের সংখ্যা, গবেষণায় খরচ ইত্যাদি। এই তথ্যগুলো নেওয়া হয়েছে ইউনিভার্সিটি গ্র্যান্ড কমিশনের ২০১৪ সালের রিপোর্ট থেকে। অন্যদিকে পারসেপচুয়াল স্কোরগুলো নেওয়া হয়েছে অ্যাকাডেমিকস এবং চাকরিদাতাদের কাছ থেকে। তারা বিভিন্ন সূচকে নিজেদের স্কোর দিয়েছেন। যেমন– শিক্ষার পরিবেশ, বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো, শিক্ষকদের মান, চাকরিক্ষেত্রে পাস করা শিক্ষার্থীদের কর্মদক্ষতা, নেতৃত্ব দেওয়ার ক্ষমতা, যোগাযোগ দক্ষতা ইত্যাদি। এই দুটি স্কোরের সমন্বয়ে চূড়ান্ত বিশ্ববিদ্যালয় র‍্যাংকিং নির্ধারণ করা হয়েছে।